

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইক্সটান রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd

স্মারক নং- ১৬.০২.০০০০.০২১.৩১.০০০.২৫/

তারিখ : ১৪৩২
২০২৬

বিষয়: গাজীপুর জেলার সদর উপজেলাধীন আবেদ আলী বেপারী গং প্রকাশ বাহাদুরপুর জামে মসজিদ ওয়াক্ফ এস্টেট (ই,সি,নং ১৯৪৪২) এর পরিচালনা কমিটি অনুমোদন প্রসংগে।

সূত্র: (১) প্রফেসর ড. মোঃ আতাউল্লাহ কর্তৃক গত ২৭/৬/২০২৪ তারিখের দাখিলকৃত কমিটি অনুমোদনের আবেদন।
(২) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম সহকারী প্রশাসক কর্তৃক গত ১৭/২/২০২৫ তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে গাজীপুর জেলার সদর উপজেলাধীন আবেদ আলী বেপারী গং প্রকাশ বাহাদুরপুর জামে মসজিদ ওয়াক্ফ এস্টেটের সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ১০ (দশ) সদস্য বিশিষ্ট কমিটি নিম্নবর্ণিত শর্তাধীনে আদেশের তারিখ অর্থাৎ ০৯/০৩/২০২৬ হতে পরবর্তী ৩ (তিন) বছর মেয়াদে অনুমোদন করা হলো।

কমিটির তালিকা:

ক্রমিক নং	নাম	পদবী
১	আলহাজ্ব ড. মোঃ আতাউল্লাহ	সভাপতি
২	জনাব মোঃ সহীজ উদ্দিন মন্ডল	সহ-সভাপতি
৩	জনাব মোঃ হাবিবুর রহমান	সাধারণ সম্পাদক
৪	জনাব মোঃ আলাউদ্দিন মন্ডল	যুগ্ম সাধা. সম্পাদক
৫	জনাব মোঃ নাজমুল আলম	কোষাধ্যক্ষ
৬	ওয়াক্ফ পরিদর্শক, গাজীপুর জেলা	সদস্য
৭	জনাব মোঃ বাবুল হোসেন	সদস্য
৮	জনাব মোঃ কুমরুদ্দিন	সদস্য
৯	জনাব মোঃ হারুন অর রশিদ	সদস্য
১০	জনাব মোঃ ফজল আলী	সদস্য

শর্তসমূহ

- ১। ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান এবং ওয়াক্ফ দলিল (যদি থাকে) অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে। ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে কমিটি দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ২। ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন প্রতি অর্থ বছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিকভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
- ৩। প্রতি বছর ১৫জুলাই এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
- ৪। ওয়াক্ফ এস্টেট পরিচালনায় সকল প্রকার লেনদেন তফসিলি ব্যাংক হিসেবের মাধ্যমে পরিচালনা করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথ ভাবে অনুসরণ করতে হবে;
- ৫। ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ব (রেকর্ড অব রাইটস) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবে না;
- ৬। এস্টেটের বিচারাধীন মামলা সমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
- ৭। প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;

অপরপৃষ্ঠা-২

- ৮। নিয়মিত পরিচালনা কমিটির সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী অবশ্যই ওয়াক্ফ প্রশাসক বরাবর প্রেরণ করতে হবে;
- ৯। পরিচালনা কমিটির সভার অনুমোদন ব্যতীত এস্টেট সংক্রান্ত কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না;

স্বাঃ—

মোঃ রেজাউল করিম সরকার
সহকারী প্রশাসক (চ.দা.)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন

জনাব প্রফেসর ড. মোঃ আতাউল্লাহ
সভাপতি

আবেদ আলী বেপারী গং প্রকাশ বাহাদুরপুর জামে মসজিদ ওয়াক্ফ এস্টেট
সাং-বাহাদুরপুর, পোঃ- ভাওয়াল মির্জাপুর
উপজেলা-সদর, জেলা-গাজীপুর।

স্মারক নং- ১৬.০২.০০০০.০২১.৩১.০০০.২৫/ ৪৬ - ২

১৪৩২

তারিখ: ১১-৬-২০২৬

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ✓ ১। সহকারী প্রোগ্রামার, ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২। ওয়াক্ফ পরিদর্শক ঢাকা-অঞ্চল ৩ ও গাজীপুর জেলা।

সহকারী প্রশাসক (চ.দা.)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন
৫৫